

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.cptu.gov.bd

শেখ হাসিনার উপহার
ইলেকট্রনিক টেন্ডার

নম্বর ২১.০০.০০০০.৩৬৩.২৭.০৫৯.২২-৪৮

তারিখঃ ২০ চৈত্র ১৪২৯
০৩ এপ্রিল ২০২৩


বিষয়ঃ নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্পের (১ম সংশোধিত) আওতায় প্যাকেজ নং-GD5.01, লট নং-০৪, আইডি নং-৫৬৫৮৩১ এর অধীনে আসবাবপত্র সরবরাহকারী প্রতিষ্ঠান প্রোমিস্সকো লিমিটেড কর্তৃক সরবরাহকৃত আসবাবপত্রের বিল হতে Liquidated damages (LD) কর্তন না করে বিল পরিশোধের বিষয়ে সিপিটিইউ'র মতামত।

সূত্র-মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারক নং-মাশিঅ/নিমাউ/ই-জিপি(আসবাবপত্র)/(প্যাকেজ নং-GD-05.01)২০২১-৬২৩; তারিখঃ ০৭/০৩/২০২৩

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চুক্তিবদ্ধ সময়ের মধ্যে সরবরাহকারী নির্ধারিত সরবরাহ সম্পন্ন করতে ব্যর্থ হলে চুক্তিতে উল্লিখিত নির্ধারিত হারে Liquidated Damage (LD) কর্তনের বিষয়ে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ৩৯(২৭) ও (২৭ক) এবং আদর্শ দরপত্র দলিলসমূহের General Conditions of Contract (GCC) ও Particular Conditions of Contract (PCC)তে বিশদ উল্লেখ রয়েছে। যুক্তিসংগত কারণে প্রত্যাশিত সরবরাহের তারিখ সম্প্রসারণ করা হলে LD কর্তনযোগ্য হবে না মর্মে বিধি ৩৯(২৭ক)তে উল্লেখ আছে। ফলে কোন সরবরাহকারীর বিল হতে LD কর্তন করা হবে কী না এবং হলে কত দিনের জন্য কর্তন করা হবে ইত্যাদি বিষয়ে উপর্যুক্ত বিধি এবং সম্পাদিত চুক্তির বিধানের আলোকে ক্রয়কারীকেই সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

০২। সূত্রে উল্লিখিত পত্রে প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে মতামত প্রদান করা হলো।

প্রকল্প পরিচালক
নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
৭৯/২, কাকরাইল, রমনা, ঢাকা-১০০০।


(মোঃ সাখাওয়াত হোসেন)
উপপরিচালক

ফোনঃ ০২-৯১৮০৮৪১
Email: sakhawat.hossain@imed.gov.bd